



ড্যাফোডিল ভার্সিটিতে কুইজ কম্পিটিশন অনুষ্ঠিত

ড্যাফোডিল ভার্সিটিতে পুষ্টি ও খাদ্য প্রকৌশল বিভাগের আয়োজনে 'সুরক্ষিত খাদ্য অভিযান : এশিয়া কুইজ কম্পিটিশন অন ফুড সেফটি-২০১৮' শীর্ষক আন্তর্জাতিক কুইজ প্রতিযোগিতার বাংলাদেশ পর্ব অনুষ্ঠিত হয়েছে। রোববার ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ৭১ মিলনায়তনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ কুইজ প্রতিযোগিতার উদ্বোধন করেন খাদ্য মন্ত্রণালয়ের সচিব শাহাবুদ্দিন আহমেদ। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত সচিব ও বাংলাদেশ খাদ্য নিরাপত্তা অধিদফতরের চেয়ারম্যান মোহাম্মদ মাহফুজুল হক। সংবাদ বিজ্ঞপ্তি।